

# মুগাড়য়

## মাওলানা ভাসানী বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাবার্ষিকী

প্রকাশ : ২১ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 টাঙ্গাইল প্রতিনিধি

নানা কর্মসূচির মধ্য দিয়ে রোববার টাঙ্গাইলের মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। রোববার সকাল ১০টায় প্রশাসনিক ভবনের সামনে বিশ্ববিদ্যালয়ের ভিসি ড. মো. আলাউদ্দিন জাতীয় ও বিশ্ববিদ্যালয় প্রতাক্কা উত্তোলন করে এবং পায়রা ও বেলুন উড়িয়ে প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন কর্মসূচি উদ্বোধন করেন। এসময় রিজেন্ট বোর্ড সদস্য, বিভিন্ন অনুষদের ডিন ও বিভিন্ন অফিস প্রধানরা উপস্থিত ছিলেন। পরে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও অতিথিরা মাওলানা ভাসানীর মাজারে ফুল দিয়ে তার রূহের মাগফিরাত কামনা করে মোনাজাত করেন। এ উপলক্ষে প্রশাসনিক ভবনের সামনে থেকে একটি শোভাযাত্রা ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। শোভাযাত্রা শেষে প্রতিষ্ঠাবার্ষিকীর কেক কাটেন অতিথিরা। কর্মসূচিতে বিশ্ববিদ্যালয়ের রিজেন্ট বোর্ডের সদস্য সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি একাব্দর হেসেন, রিজেন্ট বোর্ড সদস্য সরকারি মাওলানা মোহাম্মদ আলী কলেজের অধ্যাপক খন্দকার আরিফ মাহমুদ উপস্থিত ছিলেন। ১৯৯৯ সালের ১২ অক্টোবর তৎকালীন ও বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।